ডেমক্রেসিওয়াচ ইনহাউজ বুলেটিন

# সাপ্তাহিক জনগনের দরবার বার্তা - ১

১ম বর্ষ, ১ম সংখ্যা ১৪ জুলাই ২০০৪

## রামনগর ইউপি চেয়ারম্যানের উন্মুক্ত বাজেট ঘোষণা

যশোর সদর থানার রামনগর ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড. আফজাল হোসেন যশোরে এই প্রথম ২০০৪-২০০৫ সালের অর্থ বছরের বাজেট জনসম্মুখে ঘোষণা করেছেন। বাজেট ঘোষণার আগে চেয়ারম্যান ইউপি সদস্য, মহিলা সদস্য ও দরবার এর পরামর্শ কমিটির সদস্যদের সাথে বেশ কয়েকবার প্রাক বাজেট আলোচনা করেন। স্বপ্ন সাহায্য সংস্থার আয়োজনে ডেমক্রেসিওয়াচের সহায়তায় ড্যানিডার অর্থায়নে এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেমক্রেসিওয়াচের নির্বাহী পরিচালক তালেয়া রেহমান ও ড্যানিডার সুশাসন ও মানবাধিকার কার্যক্রমের প্রোগ্রাম সাপোর্ট ইউনিটের প্রোগ্রাম কোঅর্ডিনেটর লার্সস্কেয়ার ও প্রোগ্রাম অফিসার হোসেন শহীদ সুমন এবং ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল। এ উপলক্ষে গত ৭ জুলাই বুধবার সকাল ৯.৩০ মিনিটে রামনগর ইউনিয়নের সতীঘাটা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে এক বিশাল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## জনগনের দরবারের দ্বিতীয় পর্বের উঠান বৈঠক শুরু

জনগনের দরবারের বিভিন্ন কার্যক্রমের ধারাবাহিকতায় প্রকল্পভুক্ত ছয়টি ইউনিয়নে দ্বিতীয় দফায় শুরু হয়েছে উঠান বৈঠক। এ পর্যায়েও ৬টি ইউপিতে ৯টি করে মোট ৫৪টি উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। উঠান বৈঠকের উদ্দেশ্য হচ্ছে সুশাসন, মানবাধিকার ও গণতন্ত্র সম্বন্ধে জনগনের সাথে তথ্যের আদান প্রদান এবং এলাকার সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের উপায় খুঁজে বের করা।

এ পর্যায়ে এখন পর্যন্ত যশোরের রামনগর ও ফতেপুর ইউপি, দিনাজপুরের সিংড়া ও বুলাকীপুর ইউপি, নীলফামারীর খগাখড়িবাড়ি ইউপি ও গাজীপুরের বাসন ইউপিতে ৪টি করে মোট ২৪টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

### জেলা সেমিনার

জনগনের দরবার প্রকল্পের ৪টি জেলায় "জেলা সেমিনার" শুরু হতে যাচ্ছে। জেলাগুলির মধ্যে আগামী ২২ জুলাই যশোর জেলা সেমিনার, ২৫ জুলাই দিনাজপুর জেলা সেমিনার, ৮ আগষ্ট গাজীপুর জেলা সেমিনার, ১৭ আগষ্ট নীলফামারী জেলা সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারগুলিতে অংশ নেবেন সরকারী ও বেসরকারী কর্মকর্তা, ইউপি প্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিত্ব, সাংবাদিক ও বিভিন্ন পেশাজীবী, পরামর্শ কমিটির সদস্য এবং জনগনের দরবারের কর্মকর্তাবৃন্দ।

### সাংবাদিক সম্মেলন

গত ৯ মাসের (অক্টোবর-জুন ২০০৪) জনগনের দরবার প্রকল্পের ৬টি ইউপিতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। আগামী ২২ জুলাই যশোরের রামনগর ও ফতেপুর ইউপির, ২৭ জুলাই দিনাজপুরের সিংড়া ও বুলাকীপুর ইউপির, ১৮ আগষ্ট নীলফামারীর খগাখড়িবাড়ি ইউপির ও ১০ আগষ্ট গাজীপুরের বাসন ইউপির সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হবে।

## পরামর্শ কমিটির প্রশিক্ষণ সম্পন্ন

জনগনের দরবার এর পরামর্শ কমিটির দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ শেষ হয়েছে সম্প্রতি। গত জুন, ২০০৪ এ প্রকল্পভুক্ত ৬টি ইউনিয়নে ৩০টি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। স্থানীয় সম্মানীত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত কমিটির সদস্য ছাড়াও স্থানীয় মেম্বার ও চেয়ারম্যান এসব কর্মশালায় উপস্থিত ছিলেন।

কর্মশালায় ইউনিয়ন পরিষদ, জনগনের দরবার প্রকল্প এবং পরামর্শ কমিটির কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য পরামর্শ কমিটির প্রথম পর্যায়ের প্রশিক্ষণ কর্মশালাগুলো গত মার্চ, ২০০৪ এ অনুষ্ঠিত হয়।

কর্মশালাগুলো পরিচালনা করেন জনগনের দরবার প্রকল্পের প্রশিক্ষকবৃন্দ।

## পরামর্শ কমিটির উদ্যোগে গ্রামে গ্রামে স্যানিটেশন কর্মসূচি

নীলফামারী খগাখড়িবাড়ি ইউনিয়নে পরামর্শ কমিটি এবং স্থানীয় ওয়ার্ড মেম্বারের উদ্যোগে স্যানিটেশন কার্যক্রম শুরু হয়েছে। বিশুদ্ধ পানি ও স্যানিটারী ল্যাট্রিনের সমস্যা প্রকট হওয়ায় পরামর্শ কমিটির সদস্যরা নিজেরাই এগিয়ে এসেছেন। তারা নিজেদের মধ্যে চাঁদা তুলে স্থানীয় মেম্বার ও জনগনের দরবারের কর্মীদের সাথে নিয়ে ওয়ার্ড-১ ও ওয়ার্ড- ৯ এ ইতিমধ্যে দুটি স্যানিটারী ল্যাট্রিনের ব্যবস্থা করেছে। এতে উপকারভোগী হয়েছে গ্রামের অনেক জনগণ। অন্যান্য ওয়ার্ডেও এধরণের কার্যক্রম শুরু হয়েছে।

## ফতেপুর ইউনিয়নে 'ইউপি জোট' গঠন

যশোর সদরের ফতেপুর ইউনিয়নে জনগনের দরবার এর সহায়তায় 'ইউপি জোট' গঠিত হয়েছে। গত ১৩ জুন ২০০৪ ফতেপুর 'জনগনের দরবার' অফিসে রামনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আফজাল হোসেনকে সভাপতি ও ফতেপুর ইউনিয়নের চেয়ারম্যন মঞ্জরুল হক বিটুকে সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত করা হয়। ইউপির বিভিন্ন সমস্যাগুলোর সমাধানের উপায় খুঁজে বের করার জন্যই এই প্লাটফরম গঠিত হয়। এই অনুষ্ঠানে ইউনিয়নের সকল মেম্বাররা উপস্থিত ছিলেন।

## খগাখড়িবাড়ি ইউনিয়ন
### চেয়ারম্যান-জনগন মুখোমুখি সংলাপ অনুষ্ঠিত

গত ২৫ জুন ২০০৪ তারিখে নীলফামারীর খগাখড়িবাড়ি ইউপির চেয়ারম্যান বেলায়েত হোসেন এর সাথে জনগনের দরবারের সহায়তায় স্থানীয় জনগনের মুখোমুখি সংলাপ অনুষ্ঠিত হয়। তিনি ইউনিয়নের সমস্যা, হাট বাজার প্রসঙ্গ, কর, বিশুদ্ধ পানি, স্যানেটারি ল্যাট্রিন, রাস্তাঘাট নির্মাণের বিষয়ে সরাসরি জনগনের সাথে আলোচনা করেন।

## সিংড়া ইউনিয়ন
### বাজার উন্নয়নে চেয়ারম্যানের আশ্বাস

পরামর্শ কমিটির উদ্যোগে দিনাজপুর সিংড়া বাজার উন্নয়নে চেয়ারম্যান আফজাল হোসেনের সঙ্গে গত ১৫ মে ২০০৪ তারিখে জনগনের সংলাপ অনুষ্ঠিত হয়। জনগনের সঙ্গে যুক্তিযুক্ত আলোচনায় চেয়ারম্যান সিংড়া বাজারে কয়েকটি ডাষ্টবিন ও ১টি গন শৌচাগার নির্মাণের আশ্বাস দেন।

## বাংলাদেশের ইউনিয়ন পরিষদের কয়েকটি আশাব্যঞ্জক খবর
## ডিসেম্বর ২০০৩ - জুন ২০০৪

গত সাত মাসে (ডিসেম্বর ২০০৩ - জুন ২০০৪) দেশের বিভিন্ন জাতীয় পত্র-পত্রিকায় প্রকাশিত ইউনিয়ন পরিষদ সংক্রান্ত রিপোর্টগুলো পর্যবেক্ষণ করে দেশের বিভিন্ন ইউনিয়নে বেশ কিছু উন্নয়নমূলক ও আশাব্যঞ্জক খবর পাওয়া গিয়েছে।

ডিসেম্বর ঃ ডিসেম্বর মাসে ইউনিয়ন পরিষদ সংক্রান্ত রিপোর্টগুলিতে বেশ কয়েকটি উন্নয়ন সংবাদ লক্ষ্য করা গেছে। এর মধ্যে উলেখযোগ্য হলো কুষ্টিয়ার কুমারখালীর ইউপি চেয়ারম্যান মোঃ শরিফুল আলম কর্তৃক স্থানীয় যদুবয়রা পান্টি সড়কের নদীর ঘাট সংলগ্ন প্রায় ২০০ ফুট একটি সড়ক নির্মাণ যা ছিল এলাকাবাসীর দীর্ঘ দিনের দাবি। পঞ্চগড় ও জয়পুরহাট পলী বিদ্যুৎ সমিতির কল্যাণে ডিসেম্বরে বেশ কিছু গ্রামে পল্লী বিদ্যুৎ লাইন চালু হয়েছে।

**জানুয়ারী ঃ** গাইবান্ধার রামজীবন ইউপির ২টি গ্রামকে ১০০% স্যানিটেশন কমিউনিটি ঘোষণা করা হয়েছে। ফেনী নদীর একটি শাখা নদীর উপর গ্রামবাসীর উদ্যোগে একটি ব্রীজ নির্মাণ করা হয়েছে। মুন্সীগঞ্জের শিমুলিয়া ইউপির ১০টি গ্রাম এ মাসে বিদ্যুৎ সুবিধা পেয়েছে। মৌলভী বাজারের কমলগঞ্জে হাইব্রিড টমেটোর চাষ পাল্টে দিয়েছে কৃষকদের জীবন। গাইবান্ধার সর্বানন্দ ইউপির রামভদ্র গ্রামের রিক্সা চালক ফরিদ মিয়া পোল্টি ফার্ম করে এখন লাখপতি। পঞ্চগড়ের বনগ্রাম ইউপির সোনাচান্দি গ্রামের মানুষের ভাগ্য বদলে দিয়েছে বেগুন চাষ।

**ফেব্রুয়ারী ঃ** কুমিল্লার পল্লী বিদ্যুৎ বোর্ড কর্তৃপক্ষ মহিচাইল ইউপির ৬৫ পরিবারকে বিদ্যুৎ সুবিধা দেওয়া হবে বলে ফেব্রুয়ারী মাসে ঘোষণা দেয়। কুষ্টিয়ার কুমারখালি উপজেলায় ৪১টি কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা) উন্নয়ন প্রকল্পের কাজ শুরু হয়েছে। কৃষিতে ব্লক সুপারভাইজারদের পরামর্শ ও সহযোগিতায় সবজী চাষ করে কিশোরগঞ্জের এগারসিন্দুর ইউপির ৭টি গ্রাম ও খুলনার ডুমুরিয়ার ১৪টি ইউপির কৃষকদের মুখে হাসি ফুটেছে। স্ব-উদ্যোগে টাঙ্গাইলের খারিন্দা ইউপির শামসুল আলম, মৌলভীবাজারের তামিলপুরের আপ্তাব আলী ও পাবনার রামেশ্বর গ্রামের রহিমউদ্দিন নিজ জমি ও অন্যের জমি ইজারা নিয়ে সবজী চাষ করে এলাকায় সবুজ বিপ্লব ঘটিয়েছে। বরগুনার গৌরিচন্না ইউপির প্রতিবন্ধী যুবক শংকর অলস জমিতে রবি শষ্য চাষ করে এলাকার কৃষকদের কাছে অনুকরণীয় মডেলে পরিণত হয়েছেন। যুব উন্নয়ন থেকে ঋণ নিয়ে মৎস্য ও গাভী পালন করে কিশোরগঞ্জের মারিয়া ইউপির জসিম উদ্দিন স্বাবলম্বী হয়েছেন। দিনাজপুরের ফুলবাড়িয়ার ৭টি ইউপিতে বেসরকারী উদ্যোগে বনায়নে ব্যাপক সাড়া পড়েছে।

**মার্চ ঃ** চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি থেকে গত ৩ মার্চ ফরিদগঞ্জ উপজেলার ১৫ নং রূপসা (উঃ) ইউনিয়নের গান্দেরগাঁও গ্রামের প্রায় ১০০ পরিবার বিদ্যুৎ সুবিধা পেয়েছে। জয়পুরহাট সদর থানার আমদই ইউপির রাংতা বালুকাচড়া গ্রামের ১.৪৩ কিঃ মিঃ বিদ্যুৎ লাইনের উদ্বোধন করা হয় গত ২০ মার্চ। কৃষিতে ব্লক সুপারভাইজার সুরেন্দ্র কুমার সিংহের পরামর্শ ও সহযোগিতায় হাইব্রিড টমেটো চাষ করে মৌলভী বাজারের কলমগঞ্জ উপজেলার ৯টি ইউনিয়নের প্রায় ৩ হাজার চাষী তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন ঘটিয়েছেন। কিশোরগঞ্জের কাদিরজঙ্গল ইউপির কুশাখালী গ্রামের ৩০০ কৃষক বিলেতি ধনেপাতা চাষ করে তাদের ভাগ্যের পরিবর্তন ঘটিয়েছে।

ময়মনসিংহের বোকাইনগর ইউপির অজপাড়াগাঁ কিসমত বড়বাগে প্রাকৃতিকভাবেই স্যাঁত স্যাঁতে আবহাওয়ার কারণে কোন যত্ন ছাড়াই ফাঁকা স্থানে গড়ে উঠছে লটকনের ড্রাগান যা বদলে দিয়েছে এলাকার মানুষের ভাগ্য। খুলনার ডুমুরিয়া শোভানা ইউপির যশোর আলী বরই চাষ করে সাফল্য লাভ করেছেন। শিক্ষিত বেকার যুবক পাবনার সাহাপুর ইউপির শাজাহান আলী মৌচাষ করে তার বেকারত্ব ঘুচিয়েছেন। কিশোরগঞ্জের যশোদল ইউপির বিল্লাল পেপে চাষ করে এবং জামালপুরের ডোয়াইল ইউপির মাসুদ রানা নার্সারী করে তাদের বেকারত্ব দুর করে স্বাবলম্বী হয়েছেন। *(চলবে)*

## ইউনিয়ন পরিষদের গত নয় মাসের পর্যবেক্ষণ প্রতিবেদন
### অক্টোবর ২০০৩ - জুন ২০০৪

**বিভিন্ন সন্ত্রাসী হামলায় গত ৯ মাসে ১১ ইউপি চেয়ারম্যান ও ২৬ ইউপি সদস্য নিহত**

, ২০০৪ ... বেসরকারী সংস্থা ডেমক্রেসিওয়াচ- এর "পিপল্‌স রিপোর্টিং সেন্টার" সেল বা "জনগনের দরবার" থেকে গত অক্টোবর ২০০৩ থেকে জুন ২০০৪ পর্যন্ত দেশের বিভিন্ন জাতীয় পত্র-পত্রিকায় প্রকাশিত ইউনিয়ন পরিষদ সংক্রান্ত রিপোর্টগুলো পর্যবেক্ষণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে দেখা গেছে যে ইউনিয়ন পরিষদে গত নয় মাসে (অক্টোবর ২০০৩ - জুন ২০০৪) ইউপি প্রতিনিধি খুন হয়েছে ৩৭ জন এদের মধ্যে ১১ জন ইউপি চেয়ারম্যান ও ২৬ জন ইউপি সদস্য। বিভিন্ন সন্ত্রাসী হামলায় এ সময়ে আহত হয়েছে ৭৪ জন ইউপি প্রতিনিধি।

**প্রাপ্ত তথ্য**

**ইউপি প্রতিনিধি নিহতের সংখ্যা**

গত অক্টোবর ২০০৩ থেকে জুন ২০০৪ পর্যন্ত সারা দেশে মোট ১১ জন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং ২৬ জন ইউপি সদস্য নিহত হয়েছেন। নিচে মাসওয়ারী ইউপি প্রতিনিধিদের নিহতের হিসাব দেখানো হলো-

**অক্টোবরঃ** গত অক্টোবর মাসে সারা দেশে ১ জন ইউপি চেয়ারম্যান ও ৫ জন ইউপি সদস্য খুন হয়েছেন। গত ৩ অক্টোবর ফরিদপুরের মানিকদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শাহেদ আলীকে সন্ত্রাসীরা হত্যা করে। এছাড়া গত ২ অক্টোবর কিশোরগঞ্জের শাহেদল ইউনিয়নের সদস্য শফিকুল ইসলাম স্বপন(২৮) এবং চট্টগ্রামের গুজরার ইউপি সদস্য নাসির প্রতিপক্ষের সন্ত্রাসী হামলায় নিহত হন। সাভারের আমিন বাজারের ইউনিয়ন পরিষদের সদস্য বাদশা মিয়া গত ১০ অক্টোবর বোমা বানানোর সময় বিষ্ফোরনে নিহত হন। ময়নসিংহের সহনাটি ইউনিয়নের সদস্য রেজাউল করিম রতন গত ১৬ অক্টোবর ও উত্তরার হরিরামপুর ইউনিয়ন পরিষদের সদস্য তৈয়ুব আলী গত ১৮ অক্টোবর সন্ত্রাসী হামলায় নিহত হন।

**নভেম্বর ঃ** গত নভেম্বর মাসে সারা দেশে ৪ জন ইউপি প্রতিনিধি নিহত হয়েছেন। এদের মধ্যে ১ জন চেয়ারম্যান ও ৩ জন ইউপি সদস্য। ১৩ নভেম্বর বাগেরহাটের তেলিগাতি ইউনিয়নের চেয়ারম্যান সাদেকুল ইসলাম (৪০) এক সন্ত্রাসী হামলায় নিহত হন। গত ৩০ অক্টোবর বাগেরহাটের মূলঘর ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সদস্য লিটন সরকার (৩০) চাঁদা না দেয়ায় ও ৪ নভেম্বর খুলনার ডুমুরিয়ার ওহাব জোয়ার্দার (৪০) পৃথক পৃথক সন্ত্রাসী হামলায় নিহত হন। এছাড়া গত ১৭ নভেম্বর সন্ত্রাসীরা চুয়াডাঙ্গার কুড়ালগাছি ইউপি সদস্য সালেহিন (৪৩) কে জবাই করে হত্যা করেছে।

**ডিসেম্বর ঃ** গত ডিসেম্বর মাসে সারা দেশে ৪ জন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যন ও ২ জন সদস্য নিহত হয়েছেন। গত ৪ ডিসেম্বর চট্টগ্রামের রাউজান থানার ১১ নং পশ্চিম গুজরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু তাহের (৫০) এক সন্ত্রাসী হামলায় নিহত হন। চাঁদপুরের মতলব থানার এখলাসপুর ইউপি চেয়ারম্যান আজহারুল ইসলাম (৪০) গত ৫ ডিসেম্বর সন্ত্রাসীদের গুলিতে নিহত হন। গত ১৬ ডিসেম্বর দিনাজপুর বীরগঞ্জ উপজেলার ৯ নম্বর সাতোর ইউনিয়নের চেয়ারম্যান মহসিন আলী রাঙ্গা (৫৭) সন্ত্রাসীদের গুলিতে তার নিজ বাড়িতে খুন হন। নিহত মহসিন আলী পরপর তিনবার চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন। গত ২৩ ডিসেম্বর লালমনিরহাট আদিতমারী উপজেলার কমলাবাড়ি ইউপি চেয়ারম্যান মুক্তিযোদ্ধা সামসুল ইসলাম সুরুজকে (৫১) সন্ত্রাসীরা কুপিয়ে হত্যা করে। এছাড়া গত ১৪ ডিসেম্বর কক্সবাজার জেলার উখিয়া থানার জালিয়াপালং ইউপি সদস্য জমির ও ১৫ ডিসেম্বর চট্টগ্রামের রাউজানের ইউপি সদস্য কাশেম মাষ্টার পৃথক পৃথক সন্ত্রাসী হামলায় নিহত হন।

**জানুয়ারী ঃ** গত জানুয়ারী মাসে সারাদেশে মোট ৪ জন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং ২ জন ইউপি সদস্য নিহত হয়েছেন। গত ১২ জানুয়ারী নওগাঁ জেলার রানীনগর উপজেলার একডালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আফজাল হোসেন (৫৮) কে দুর্বৃত্তরা জবাই করে হত্যা করে। তিনি একটানা ২৬ বছর চেয়ারম্যান ছিলেন। বাগেরহাটের মংলা থানার দ্বিগরাজ ইউপির চেয়ারম্যান পার্থ প্রতিম রায় পিন্টু (৩৫) গত ১৪ জানুয়ারী অজ্ঞাতনামা কয়েক ব্যক্তির বোমা হামলায় নিহত হন। একই দিনে খুলনার তেরখাদা উপজেলার সচিদহ ইউপি চেয়ারম্যান চাঁন মিয়া শিকদার (৪৮) কে সন্ত্রাসীরা গুলি করে হত্যা করেছে। গত ২৩ জানুয়ারী ঝালকাঠির কাঠালিয়া উপজেলার পাতিখালঘাটা ইউপির চেয়ারম্যান মুক্তিযোদ্ধা মোঃ শাহ আলম (৫২) কে দুর্বৃত্তরা গুলি করে হত্যা করে। এদিকে গত ৭ জানুয়ারী নাটোরের সিংড়া উপজেলার ডাহিয়া ইউপি সদস্য হজরত আলী (৩৯) সন্ত্রাসীদের গুলিতে এবং গত ১৪ জানুয়ারী নাটোরের গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউপি সদস্য শামসুল হক শাহ (৪৫) অজ্ঞাতনামা দুস্কৃতিকারীদের হাতে নিহত হন।

**ফেব্রুয়ারী ঃ** গত ফেব্রুয়ারী মাসে সারা দেশে ৩ ইউপি সদস্য খুন হয়েছেন। গত ৬ ফেব্রুয়ারী নওগাঁর আত্রাই উপজেলার পাঁচুপুর ইউপির গ্রাম সরকার প্রধান আহম্মদ আলী (৫০), ৮ ফেব্রুয়ারী চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সদর ইউপি সদস্য মহিদুল ইসলাম মহি (৩৫) ও গত ১২ ফেব্রুয়ারী পাবনার সুজানগর উপজেলার দুলাই ইউপির সদস্য জাহাঙ্গীর হোসেন রঞ্জু (৩৮) কে সন্ত্রাসীরা হত্যা করে। *(চলবে)*

**কৃতজ্ঞতায় ঃ তালেয়া রেহমান, নির্বাহী পরিচালক, ডেমক্রেসিওয়াচ।**

ডেমক্রেসিওয়াচ জনগনের দরবার প্রকল্পের সমন্বয়কারী -**মোস্তফা সোহেল,** প্রোগ্রাম অফিসার ফিরোজ মোঃ নূরুন্নবী যুগল ও জিয়াউল মওদুদ, নাজনীন সুলতানা, শামীম আল মামুন, মহিউদ্দিন মইন, মুহিত, শারমীন ও কামাল-এর প্রচেষ্টায়, ডেমক্রেসিওয়াচ ৭, সার্কিট হাউজ রোড, রমনা ঢাকা থেকে প্রকাশিত। ফোন- ৯৩৪৪২২৫-৬, ৯৩৬০৫৮৮-৯, ৯৩৩০৪০৫, ফ্যাক্স- ৮৩১৫৮০৭